# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৫৩

১/ বিবিধ

আরবী

إن الله تعالى أوحى إلي فى علي ثلاثة أشياء ليلة أسري بي: أنه سيد المؤمنين وإمام المتقين، وقائد الغر المحجلين

موضوع

أخرجه الطبراني في " المعجم الصغير " (ص 210) عن مجاشع بن عمرو حدثنا عيسى بن سوادة النخعي حدثنا هلال بن أبي حميد الوزان عن عبد الله بن عكيم الجهني مرفوعا، وقال: تفرد به مجاشع

قلت: وهو كذاب، وكذا شيخه عيسى بن سوادة، وبه وحده أعله الهيثمي في " المجمع " (9 / 121) فقصر، وقال شيخ الإسلام ابن تيمية: هذا حديث موضوع عند من له أدنى معرفة بالحديث، ولا تحل نسبته إلى الرسول المعصوم، ولا نعلم أحدا هو سيد المسلمين وإمام المتقين وقائد الغر المحجلين غير نبينا صلى الله عليه وسلم، واللفظ مطلق، ما قال فيه من بعدي، وأقره الذهبي في " مختصر المنهاج " (ص 473)

বাংলা

৩৫৩। আল্লাহ তা’আলা আলীর সম্পর্কে মে’রাজের রাতে তিনটি বিষয়ে আমার নিকট অহী করেছেন; সে মুমিনদের সর্দার, ইমামুল মুত্তাকীন এবং উজ্জল চেহারার অধিকারীদের নেতা।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুস সাগীর” গ্রন্থে (পৃ. ২১০) মুশাজে ইবনু আমর হতে, তিনি ঈসা ইবনু সুওয়াদা আন-নাখ’ঈ

হতে ... বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ মুশাজে এককভাবে এটিকে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক এবং তার শাইখ ঈসা ইবনু সুওয়াদাও মিথ্যুক। হায়সামী “আল-মাজমা" গ্রন্থে (৯/১২১) শুধুমাত্র ঈসার দ্বারা হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন, তিনি তাতে যথার্থ কাজটি করেননি।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা বলেনঃ যে ব্যক্তির হাদীস সম্পর্কে সামান্যতম ধারণা রয়েছে তার নিকটেও হাদীসটি বানোয়াট। এটিকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উদ্ধৃতিতে বলাই হালাল নয়। আমাদের নবী ছাড়া অন্য কারো ক্ষেত্রে এসব গুণাবলী প্রযোজ্য নয়। তার এ বক্তব্য যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ" গ্রন্থে সমর্থন করেছেন (প: ৪৭৩)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন